

দেশ- বিদেশ ওয়েব পোর্টালে কমিউনিটি সংবাদ পাঠানোর নিয়ম- কানুন

প্রিয় সুধীরুণ্দ,

দেশ- বিদেশ ওয়েব পোর্টাল ভ্রাউজ করার জন্য আপনাদের ধন্যবাদ। যারা দেশ- বিদেশ ওয়েব পোর্টালে বিভিন্ন কমিউনিটি সংবাদ পাঠিয়ে সহযোগিতা করে থাকেন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা জানাই। আপনাদের সকলের সাহায্য ও সহযোগিতায় ওয়েবসাইটটি আজ সারা বিশ্বের বাংলাভাষীদের কাছে অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠেছে। প্রতিদিন প্রায় পাঁচ থেকে ছয় হাজার মানুষ ওয়েবসাইটটি ভ্রাউজ করে। সুতরাং ওয়েবসাইটে কোন নিউজ আপলোড করার সাথে সাথেই মুভর্টের ভিতর তা চলে যায় হাজার মানুষের কাছে।

কিন্তু অত্যন্ত দুঃখের সাথে লক্ষ্য করছি যে, বিভিন্ন কমিউনিটি সংবাদের যে পোস্টার দেশ- বিদেশ ওয়েব পোর্টাল কর্তৃপক্ষের কাছে পাঠানো হয় তা অধিকাংশ ক্ষেত্রে (১) অসম্পূর্ণ/ভুল (২) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদিত নয় (৩) সাইজে অনেক বড়—ওয়েবসাইটে আপলোডযোগ্য নয়। কোন সংগঠনের নামে কোন সংবাদ গণমাধ্যমে দিতে হলে অবশ্যই সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদকের মত দায়িত্বশীল ব্যক্তির নাম ও স্বাক্ষর পোস্টারে থাকতে হবে। যেহেতু কোন পোস্টারে সভাপতি ও সাধারণ সম্পাদকের স্বাক্ষর স্ক্যান করে দেওয়া সময়সাপেক্ষ কিংবা কর্তৃপক্ষ ব্যাপার, তাই পোস্টারে ন্যূনতম সভাপতি ও সাধারণ সম্পাদক অথবা আহবায়কের নাম ও টেলিফোন নম্বর থাকা দরকার। ইচ্ছে করলেই যে কেউ যে কোন সংগঠনের নামে যে কোন সংবাদ গণমাধ্যমে দিতে পারে না। কিছু নিয়ম- কানুন মেনে চলা দরকার। সুতরাং সংবাদ পাঠানোর সময় নিচের তথ্যগুলো ঠিকমত আছে কিনা তা যাচাই করেই তবে সংবাদ পাঠাবেনঃ

- ১। অনুষ্ঠানের নাম
- ২। তারিখ, সময় ও স্থান
- ৩। অনুষ্ঠানের নিকটতম স্টেশনের নাম ও ম্যাপ
- ৪। আয়োজক সংগঠনের/আয়োজকের নাম
- ৫। পোস্টারে কোন ব্যবসায়ী সংগঠন/ রাজনৈতিক দল/জেলা সমিতির মত সংগঠনের নাম ব্যবহার করলে, উক্ত সংগঠনের অনুমতি সাপেক্ষে সভাপতি ও সাধারণ সম্পাদক অথবা আহবায়কের মত গুরুত্বপূর্ণ ব্যক্তির নাম ও টেলিফোন নম্বর (কিছু ব্যতিক্রম ছাড়া)
- ৬। দায়িত্বরত ব্যক্তির নাম ও টেলিফোন নম্বর
- ৭। পোস্টারের ফাইল সাইজ অবশ্যই ২০০কিলোবাইটের কম হতে হবে।
- ৮। অনুষ্ঠানের কমপক্ষে ১৫দিন আগে সংবাদ পাঠানোর চেষ্টা করতে হবে। (কিছু ব্যতিক্রম ছাড়া)

যে কোন সংবাদ গ্রহন কিংবা প্রত্যাখ্যান করার ক্ষমতা দেশ- বিদেশ ওয়েব পোর্টাল কর্তৃপক্ষের থাকবে।
কোন মিথ্যা কিংবা অসম্পূর্ণ তথ্যের জন্য দেশ- বিদেশ ওয়েব পোর্টাল কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী নয়।

আপনাদের সাহায্য- সহযোগিতার জন্য অসংখ্য ধন্যবাদ।

সম্পাদক

দেশ- বিদেশ ওয়েব পোর্টাল
২০১০/৩/১৩ ইং

কমিউনিটি সংবাদ সম্পর্কিত বিশেষ বিজ্ঞপ্তি